আলমডাঙ্গার ওসমানপুরে যৌথবাহিনীর অভিযানে ১ কেজি গাঁজাসহ ব্যবসায়ী গ্রেপ্তার

আলমডাঙ্গায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে সেনাবাহিনীর যৌথ অস্ত্র ও মাদক উদ্ধার অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মতিয়ার রহমান বুদো নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

গতকাল শনিবার রাত ৭ টার দিকে উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মতিয়ার রহমান বুদো (৫৭) একই গ্রামের মৃত ফকির চান মন্ডল।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, শনিবার রাতে উপজেলার ওসমানপুর গ্রামে মাদক ও অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনা করে সেনাবাহিনী ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এসময় গোপন সংবাদের ভিত্তিতে ওসমানপুর গ্রামে মাদক ব্যবসায়ী বুদোর বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় বুদোকে গ্রেপ্তার ও তার বসতঘর তল্লাশি করে ১ কেজি গাঁজা উদ্ধার করেন যৌথবাহিনীর সদস্যরা।

এ ঘটনায় চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক ইয়াসমিন বাদী হয়ে শনিবার রাতে বুদোর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন।

আলমডাঙ্গায় ১০৫ পিস ইয়াবাসহ ব্যবসায়ী গ্রেপ্তার

আলমডাঙ্গার কামালপুরে ১০৫ পিস ইয়াবাসহ এক মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর।

আজ বুধবার সকাল ১১ টার দিকে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের কুমারি ইউনিয়নের কামালপুর মাঠপাড়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

বিষয়টি নিশ্চিত করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের উপ-পরিদর্শক সাহারা ইয়াসমিন। গ্রেপ্তারকৃত আসামী হলেন, উপজেলা কুমারি ইউনিয়নের কামালপুর গ্রামের মৃত আব্দুল মালেকের ছেলে হাবিবুর রহমান সোহেল (৪৮)।

তিনি বলেন, তারা দীর্ঘদিন এলাকায় মাদকের ব্যবসা করে আসছিলেন। গতকাল বুধবার সকালে গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য ইয়াবা বিক্রয়ের সময় ১০৫ পিস ইয়াবাসহ গ্রেপ্তার করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।